# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৬৫

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَادِرُوا بِالْأَعْمَالِ سِتًّا. الدُّخَانَ وَالدَّجَّالَ وَدَابَّةَ الْأَرْضِ وَطُلُوعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا وَأَمْرَ الْعَامَّةِ وَخُوَيْصَّةَ أَحَدِكُمْ» . رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (129 / 2947)، (7397) ـ
(صَحِيح)

বাংলা

৫৪৬৫-[২] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ছয়টি লক্ষণ প্রকাশ হওয়ার পূর্বে ভালো 'আমল অর্জনে তৎপর হও। ১. ধোঁয়া, ২. দাজ্জাল, ৩. দাব্বাতুল আরয (মৃত্তিকাগর্ভ হতে বহির্ভূত জন্তু), ৪, পশ্চিমাকাশ হতে সূর্য উদিত হওয়া, ৫. সর্বগ্রাসী ফিতনাহ্ ও ৬. তোমাদের ব্যক্তিবিশেষের ওপর আরোপিত ফিতনাহ্। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১২৮-(২৯৪৭), ইবনু মাজাহ ৪০৫৬, সিলসিলাতুস সহীহাহ্ ৭৫৯, সহীহুল জামি ৫১২৩, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩৩৫৪, মুসনাদে বাযযার ৬৩৯৪, মুসনাদে আহমাদ ৯২৬৭, আবূ ইয়া'লা ৫৬১৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বাবারানী ১৪৪৯১, আল মু'জামুল আওসাত্ব ৮৪৯৮, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (بَادِرُوا بِالْأَعْمَالِ سِتًّا) অর্থাৎ কিয়ামতের ছয়টি আলামত প্রকাশ হওয়ার পূর্বে দ্রুত নেক ‘আমলগুলো সম্পাদন কর। কেননা এগুলো প্রকাশ পেলে তোমরা ব্যস্ত হয়ে পড়বে, ফলে আমল করা কঠিন হয়ে যাবে। অথবা এরপর ‘আমল করলেও কোন মূল্যায়ন হবে না ও তা কবুল হবে না।

(وَأَمْرَ الْعَامَّةِ) তথা তোমাদের নিকট নেতৃত্বের ফিতনাহ্ আসার পূর্বেই যা তোমাদেরকে নেক ‘আমল করা থেকে ব্যস্ত রাখবে।
(وَخُوَيْصَّةَ أَحَدِكُمْ)তোমাদের কারো নিকট মৃত্যুর মতো ঘটনা এসে পড়বে পূর্বেই যা প্রত্যেক ব্যক্তির জন্য নির্দিষ্ট। অথবা মানুষের, যা প্রত্যেক ব্যক্তির জন্য নির্দিষ্ট। অথবা মানুষের জানমাল এবং এতদসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় যা মানুষকে নেক আমল করা থেকে ব্যস্ত রাখে। শব্দটি তাসগীর বা ছোট করে উপস্থাপন করার কারণ হলো এটি এর পরবর্তী পুনঃরুত্থান, হাশর, হিসাব ইত্যাদির তুলনায় ছোট।

‘আল্লামাহ্ ক্বাযী ইয়ায (রহিমাহুল্লাহ) বলেন, তাদেরকে এই নিদর্শনগুলো প্রকাশ হওয়ার পূর্বেই নেক ‘আমল করতে নির্দেশ দেয়া হয়েছে, কেননা যখন এগুলো প্রকাশ পাবে তখন তাদেরকে অস্থির করে তুলবে। এবং কর্ম-বিমুখ করবে। (মিরকাতুল মাফাতীহ, ইবনু মাজাহ ৩/৪০৫৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি ￼ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85443

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন